



## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সভার কার্যবিবরণী :-

আহ্বায়ক (নাম ও পদবী)	ঃ- মোঃ রাকিবুল আহসান নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
তারিখ ও সময়	ঃ- ০১/০৬/২০২৩, দুপুর ১২:৩০ মিনিট।
সভার স্থান	ঃ- সভাকক্ষ, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	ঃ- পরিশিষ্ট 'ক'

আহ্বায়ক মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী প্রকৌশলী জনাব মোঃ রাশেদুজ্জামান রনি-কে অনুরোধ জানান। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল'২৩-জুন'২৩) এর কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.১	নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভায় আহ্বায়ক মহোদয় বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির সভার আয়োজন করা হয়।	ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজনকরণ পূর্বক কর্মপরিকল্পনায় নির্ধারিত কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করে প্রতিবেদন প্রধান কার্যালয়ে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ রাশেদুজ্জামান রনি সহকারী প্রকৌশলী-০৩
১.২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ অত্র কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে বাস্তবায়নে জোড় প্রদান করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছকে প্রতিবেদন প্রস্তুতপূর্বক ফোকাল পয়েন্ট কর্মকর্তার স্বাক্ষরসহ দাখিল করতে হবে।	সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ
১.৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে নিয়মিত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করা হয়।	সভায় সেবাগ্রহনকারী প্রতিষ্ঠান প্রধান সমূহের উপস্থিতি সুনিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ আসাদুজ্জামান সহকারী প্রকৌশলী-০২
১.৪	কর্ম পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইডুস্ত্র অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টিকরণ/ পরিক্রম-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)	কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সভায় আলোচনা করা হয় এবং পুরুষ ও মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থাকরণের বিষয়ে আলোকপাত করা হয়।	অফিসের কর্ম পরিবেশের উন্নয়ন এবং পরিচ্ছন্ন কর্মীর মাধ্যমে অফিস রুমসহ অফিস চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মুহঃ আব্দুল্লাহ আল মামুন উপ-সহকারী প্রকৌশলী
১.৫	প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন সাইট অর্ডার বুকে নিবন্ধিকরণ।	সাইট পজিশন বুঝিয়ে দেওয়ার সময় সাইট অর্ডার বুক সংগ্রহ করার তাগিদ প্রদান করা হয় এবং সাইট পজিশনের যাবতীয় তথ্যাবলি সাইট অর্ডার বুক লিপিবদ্ধ করে তা সংরক্ষণ করতে হবে মর্মে আলোচনা হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী সিদ্ধান্ত বাস্তবায়নে একমত পোষন করেন।	জনাব মোঃ আসাদুজ্জামান সহকারী প্রকৌশলী-০২ ও জনাব মোঃ রাশেদুজ্জামান রনি সহকারী প্রকৌশলী-০৩
১.৬	নির্মাণ কাজ শুরু এবং শেষ অবস্থার স্থিরচিত্র	নির্মাণাধীন ভবনের স্থিরচিত্র সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোডকরণ এবং নির্বাহী প্রকৌশলীর নোটিশ বোর্ডে স্থাপনের ব্যবস্থাকরণ বিষয়ে আলোচনা করা হয়।	সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীগণ এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন।	সংশ্লিষ্ট সকল উপ-সহকারী প্রকৌশলী
১.৭	দুর্নীতি প্রতিরোধে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা উন্নয়ন	সভায় আহ্বায়ক মহোদয় দুর্নীতি প্রতিরোধে বিশদভাবে আলোচনা করেন। সকল দাপ্তরিক কার্যক্রম স্বচ্ছতা ও সুচারুভাবে করার জন্য আহ্বান করেন।	জবাবদিহি মূলক কার্যক্রম পরিচালনার নিমিত্তে অফিস চত্বরের দৃশ্যমান স্থানে স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ আসাদুজ্জামান সহকারী প্রকৌশলী-০২
১.৮	দাপ্তরিক কাজে অনলাইন মাধ্যমের সর্বোত্তম ব্যবহার	দাপ্তরিক কাজে অনলাইন রেস্পন্স সিস্টেম (ই-মেইল/ Whatsapp)-এর ব্যবহার নিশ্চিতকরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অফিসিয়াল চিঠি-পত্র নিকোষ ফন্ট ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়।	সর্বসম্মতভাবে সিদ্ধান্ত বাস্তবায়নে একমত পোষন করেন।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী

২.০ সভায় আহ্বায়ক মহোদয় উপস্থিত সকলকে উপরোক্ত আলোচিত বিষয়গুলি সতর্কতার সাথে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় আহ্বায়ক মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(মোঃ রাকিবুল আহসান)

নির্বাহী প্রকৌশলী (চ: দা:)

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

চাঁপাইনবাবগঞ্জ।

ও

আহ্বায়ক

জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটি

ফোনঃ ০২৫৮৮৮৯৩১৪৮

e-mail: ee\_chap@eedmoe.gov.bd

প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। সকল কর্মকর্তা/কর্মচারী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।

০২। উপ-পরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। প্রোগ্রামার (আইসিটি), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।

স্মারক নং- ৩৭.০৭.৭০০০.০০০.০৩.০০০.২০২৩.২৫০/৩

তারিখ: ১৮/০৬/২০২৩ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।

০৩। অফিস কপি।

(মোঃ রাকিবুল আহসান)

নির্বাহী প্রকৌশলী (চ: দা:)

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

চাঁপাইনবাবগঞ্জ।

ও

আহ্বায়ক

জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটি

ফোনঃ ০২৫৮৮৮৯৩১৪৮

e-mail: ee\_chap@eedmoe.gov.bd